



ISO 9001, ISO 14001 &
OHSAS 18001 Certified

সভাপতি, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৭ - ৩০ জুন, ২০১৮

সি.

স্বাক্ষরিত

সূচিপত্র

- ০১॥ ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র----- ০৩
- ০২॥ উপক্রমণিকা----- ০৫
- ০৩॥ সেকশন-১: ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি----- ০৬
- ০৪॥ সেকশন-২: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ -----

৩০

[Handwritten signature]

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Feni PBS)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা:

• সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

ফেনী জেলার ছয়টি (ফেনী সদর, ফুলগাজী, ছাগলনাইয়া, সোনাগাজী, দাগনভূঞা ও পরশুরাম) উপজেলার সমন্বয়ে ৯২৮ বর্গ কিঃমিঃ এলাকা নিয়ে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি গঠিত। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অংশ হিসাবে ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে ফেনী পবিস নিরলসভাবে কাজ করে যাচ্ছে। গ্রামাঞ্চলে শিক্ষা, সাংস্কৃতি, কৃষি উৎপাদন, শিল্পায়ন এবং কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি ইত্যাদিতে বিদ্যুৎ ব্যবহার করে গ্রামীন জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানোন্নয়নের লক্ষ্যে এপ্রিল'২০১৭ খ্রিঃ পর্যন্ত ৫,৫১৩.৮৬২ কিঃ মিঃ বৈদ্যুতিক লাইন নির্মাণ সম্পন্ন করা হয়েছে। এপ্রিল'২০১৭ খ্রিঃ পর্যন্ত ৩,২০,০৬১ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। অত্র পবিসের সর্বমোট ১৫০ এমডিএ ক্ষমতা সম্পন্ন ০৯টি উপকেন্দ্রের মধ্যে সম্প্রতি দাগনভূঞা-২ উপকেন্দ্রের ক্ষমতা ১০ এমডিএ থেকে ২০ এমডিএতে উন্নীত করা হয়েছে। অত্র পবিসের ফেনী গ্রীড-পবিস ৩৩ কেভি ফিডারের ওভারলোড সমস্যা নিরসনের লক্ষ্যে সমিতির অর্থায়নে প্রায় ১,৮৪,০০,০০০ (এক কোটি চুরাশি লক্ষ) টাকা ব্যয়ে ১.৭৭৫ কিঃ মিঃ ওভারহেড লাইনের ৪৭৭ এমসিএম কন্ডাক্টর পরিবর্তন করে ৬৩৬ এমসিএম (গ্রাসবিক) কন্ডাক্টর স্থাপন করে ফিডার ২ টির ক্ষমতা ২৮ মেঃ ওঃ থেকে ৩৯ মেঃ ওঃ এ উন্নীত করা হয়েছে। ফলে অত্র পবিসে সিস্টেম লস লক্ষ্যমাত্রার মধ্যে আনয়নের সুযোগ সৃষ্টি হয়েছে। গত অর্থ বছরে সিস্টেম লস ১১.৫৭% এবং বকেয়া মাস ০.৯৩ অর্জন করা হয়েছে। দ্রুত গ্রাহক সেবার স্বার্থে অত্র পবিসের ওয়ার্কশপে ২০১৪-২০১৫ অর্থ বছর থেকে এপ্রিল'২০১৭ পর্যন্ত বিভিন্ন সাইজের প্রায় ২,৩২৫ টি বিতরণ ট্রান্সফরমার মেরামত করা হয়েছে। বর্তমানে ফেনী পবিসের দাগনভূঞা উপজেলা এবং সোনাগাজী উপজেলার পৌরসভা, মঙ্গলকান্দি ইউনিয়ন ও আমিরাবাদ ইউনিয়নে শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। গ্রাহক প্রান্তে সূলভ মূল্যে মান সম্মত বিদ্যুৎ প্রদান করে উন্নত সেবা প্রদান করার নিমিত্তে অত্র পবিসের (QMS)কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেমকে উন্নত করার লক্ষ্যে অত্র পবিস ISO 9001:2015 সার্টিফিকেট অর্জনের সকল কার্যক্রম সম্পন্ন করেছে।

• সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

অত্র পবিসের পিক লোড ৮৩ মেঃওঃ। অত্র পবিসের আওতায় দ্রুত গ্রাহক সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে গ্রাহকের বিদ্যুতের চাহিদা (ব্যবহৃত লোড) বৃদ্ধি পাচ্ছে। এ পর্যন্ত চাহিদা অনুযায়ী জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ সরবরাহ পাওয়া গিয়েছে। জাতীয় গ্রীড হতে চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া না গেলে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখা সমিতির জন্য একটি বড় চ্যালেঞ্জ। আগামী গ্রীষ্মে ও রমজান মাসে জাতীয় গ্রীড হতে গ্রাহকের চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ পাওয়া গেলেও ফেনী গ্রীডে নির্মাণাধীন সুইচিং স্টেশন হতে নতুন ৩৩ কেভি সোর্স লাইন নির্মাণ করা সম্ভব না হলে বর্তমানে বিদ্যমান ২টি ৩৩ কেভি ফিডারের ওভারলোড জনিত সমস্যার কারণে গ্রাহক প্রান্তে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে না। তাছাড়া অত্র সমিতির ৫,৫১৩.৮৬২ কিঃমিঃ দীর্ঘ বৈদ্যুতিক লাইন রয়েছে। ফলে গাছ-গাছালিসমৃদ্ধ গ্রামীন এলাকায় দুর্যোগপূর্ণ অবস্থায় বিদ্যুৎ সচল রাখাও সমিতির জন্য একটি চ্যালেঞ্জ। শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে আর্থিকভাবে দুর্বল অত্র পবিসের পক্ষে পিডিবি, পিজিসিবির বিল ও দৈনন্দিন ব্যয় নির্বাহের পর ট্রান্সফরমার, মিটার ও সার্ভিস ড্রপ নগদ মূল্যে ক্রয় করাও অত্র সমিতির জন্য একটি বড় অন্তরায়।

• ভবিষ্যৎ পরিকল্পনা :

ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার লক্ষ্যে আগামী ডিসেম্বর'১৭ নাগাদ ফেনী পবিসের ৪টি উপজেলা এবং আগামী জুন/২০১৮ এর মধ্যে সকল উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন করা হবে। গ্রাহকগণের বর্ধিত লোডের চাহিদা পূরনের লক্ষ্যে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সিএসডিপি-২ প্রকল্পের আওতায় দাগনভূঞা উপজেলার কুম্ভারামপুরে ৩৩/১১ কেভি ১০এমডিএ একটি উপকেন্দ্র, ইউআরইডিএস প্রকল্পের আওতায় দাগনভূঞা উপজেলার লতিফপুরে ৩৩/১১ কেভি ১০এমডিএ একটি উপকেন্দ্র, সোনাগাজী উপজেলার শোলাখালিতে ২০ এমডিএ ও ছাগলনাইয়া উপজেলার দুর্গাপুরে ১০ এমডিএ ক্ষমতা সম্পন্ন সর্বমোট ০৪ টি উপকেন্দ্র নির্মাণাধীন আছে এবং পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ১.৫ এমসিসি প্রকল্পের আওতায় ছাগলনাইয়া বিসিক এলাকায় ১০ এমডিএ একটি উপকেন্দ্র এবং সিএসডিপি-২ এর আওতায় সোনাগাজী উপজেলার কুঠিরহাট এলাকায় একটি ১০ এমডিএ উপকেন্দ্র নির্মাণ করা হবে। এছাড়া গ্রাহকের ক্রম বর্ধমান লোডের চাহিদা বিবেচনা করে ফেনী - ২ (জাহানপুর) উপকেন্দ্রের ক্ষমতা সিএসডিপি-২ প্রকল্পের আওতায় ১০ এমডিএ হতে ২০ এমডিএতে রূপান্তর করা হবে। গ্রাহকপ্রান্তে নিরবচ্ছিন্ন ও কোয়ালিটি বিদ্যুৎ সরবরাহ প্রদানের নিমিত্তে ফেনী গ্রীড হতে ৩৩ কেভি সোর্স লাইন নির্মাণ করণের নিমিত্তে ফেনী গ্রীডে বে-ব্রেকার স্পেয়ার না থাকায় ৮ টি আউটগোয়িং এবং ২ টি ইনকামিং এর পবিশন রেখে পবিসের নিজস্ব অর্থায়নে প্রায় ৬,৬৭,০০,০০০ (ছয় কোটি সাতষষ্ঠি লক্ষ) টাকা ব্যয়ে ফেনী গ্রীডে আলাদা ভাবে ইনডোর সুইচিং স্টেশন নির্মাণ করা হচ্ছে। ফেনী গ্রীডে নির্মাণাধীন সুইচিং স্টেশন হতে অত্র পবিসের নিজস্ব অর্থায়নে প্রায় ২ কিঃ মিঃ আভারক্যাউন্ট ক্যাবল ও ৬.৫ কিঃ মিঃ ওভারহেড লাইনের মাধ্যমে ২ টি ৩৩ কেভি ফিডার নির্মাণ করে দাগনভূঞা, ফুলগাজী, ছাগলনাইয়া ও

পরশুরাম কে ফেনী গ্রীড হতে সরাসরি বিদ্যুৎ প্রদান করা হবে। এছাড়া ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণ ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষে ফেনী সদর দপ্তরের লালপোল এলাকায় আরেকটি সূইচিং স্টেশন নির্মাণ করা হচ্ছে। যেখানে পিজিসিবি কর্তৃক মিরসরাই উপজেলার বারইয়ার হাটে নির্মাণাধীন বারইয়ার হাট গ্রীড হতে দুটি ৩৩ কেভি ফিডার এর মাধ্যমে জাতীয় গ্রীড হতে বিদ্যুৎ গ্রহণ করা যাবে। ক্রমবর্ধমান গ্রাহকের চাহিদা পূরণের লক্ষে কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলায় পিজিসিবি কর্তৃক একটি গ্রীড সাবস্টেশন স্থাপন করা হবে। উক্ত গ্রীড উপকেন্দ্র নির্মাণ ও বিদ্যুতায়নের পর উক্ত গ্রীড হতে একটি ৩৩ কেভি ফিডারের মাধ্যমে অত্র পবিসে লোডের চাহিদা পূরণের নিমিত্তে বিদ্যুৎ গ্রহণ করা হবে। অত্র পবিসের গ্রাহকের সেবা বৃদ্ধি ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ প্রদানের লক্ষে প্রতিটি উপকেন্দ্রে দুটি সোর্স লাইন (ডুয়েল সোর্স) নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে টেকিং শীট প্রনয়নের কাজ চলমান আছে। বর্ণিত পরিকল্পনা মোতাবেক কার্যসম্পাদন এবং বাস্তবায়নের মাধ্যমে অত্র পবিসের সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে আনয়ন করা সম্ভব হবে। পাশাপাশি বকেয়া মাস ১.০০ এর নীচে রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ০১। অত্র পবিসের আওতাধীন ছয়টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন সম্পন্ন করা।
- ০২। ০৪ টি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণ।
- ০৩। পবিসের আর্থিক স্বচ্ছতা বৃদ্ধি।
- ০৪। বকেয়া মাস ১.০০ এর নীচে অর্জন করা।
- ০৫। ফেনী -২ (জাহানপুর) ১০ এমভিএ উপকেন্দ্রকে ২০ এমভিএতে উন্নীতকরন।
- ০৬। ফেনী গ্রীডে এবং সদর দপ্তরের লাল পোলে সূইচিং স্টেশন নির্মাণ।
- ০৭। আন্ডার গ্রাউন্ড এবং ওভারহেড লাইন সহ চারটি ৩৩ কেভি সোর্স লাইন নির্মাণ।
- ০৮। ISO9001:2015 সার্টিফিকেট অর্জন।



উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও এর আওতাধীন পবিসসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি কে প্রদত্ত বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে

সভাপতি, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি

এবং

সচিব

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

এর মধ্যে ২০১৭ সালের জুন মাসের ১৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

ফেনী পবিস এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প (Vision): ফেনী পবিস এর আওতাধীন সকল জনগনকে গুণগতমানের বিদ্যুৎ সরবরাহ করা।

১.২ অভিলক্ষ্য (Mission): জুন/২০১৮ সালের মধ্যে অত্র পবিসের আওতাধীন সমগ্র জনগোষ্ঠিকে (প্রতিটি ঘরে) বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেওয়া।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):


- ০১। বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন।
- ০২। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদান।
- ০৩। বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠী বৃদ্ধি।
- ০৪। আর্থিক সক্ষমতা অর্জন।

১.৩.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- ০১। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা।
- ০২। কর্মপদ্ধতি ও সেবার মানোন্নয়ন।
- ০৩। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।
- ০৪। কর্ম পরিবেশ উন্নয়ন।
- ০৫। তথ্য অধিকার ও সপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা।
- ০৬। আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

- ০১। বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে অত্র পবিসের আওতাধীন সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন।
- ০২। কারিগরী উন্নয়নের মাধ্যমে সিস্টেম লস হ্রাসকরণ।
- ০৩। বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগনকে মিতব্যয়ী করা এবং উৎপাদনমুখী কাজে বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরণ।
- ০৪। অত্র পবিসের এলাকায় শতভাগ বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন।
- ০৫। পবিসের আয় বৃদ্ধি ও ব্যয় সংকোচনের ব্যবস্থা করা।
- ০৬। নতুন গ্রাহক সংযোগ সহজীকরণ।
- ০৭। বৈদ্যুতিক লাইন নিয়মিত রক্ষনাবেক্ষন ও মেরামত করা।
- ০৮। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পথস্বত্ব মুক্তকরণ।
- ০৯। গ্রাহকের অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে নিরসন করা।
- ১০। বকেয়া আদায় করা এবং আর্থিক সক্ষমতা বৃদ্ধি করা।
- ১১। সর্বক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সৃষ্ট কর্মপরিবেশ ও সুশাসন প্রতিষ্ঠা।
- ১২। সকল ক্ষেত্রে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন।
- ১৩। ডিজিটালাইজেশন ও অটোমেশনের মাধ্যমে উত্তম সেবা নিশ্চিত করণ।



কৌশলগত উদ্দেশ্য, অর্থাৎ কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমানসমূহ
রেলসী পরিবহন

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রাপ্ত অর্জন | | লক্ষ্যমান/নির্ধারিত ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | | প্রকল্প (Project n) | ২০১৮-১৯ | প্রকল্প (Project n) | ২০১৯-২০ | |
|--|---|------------------------|---|------------|---|---------------|----------|--|---------|----|----|----|----|---------------------|---------|---------------------|---------|---------|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | ২০ | ২১ | ২২ | ২৩ | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | ২০১৫-১৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | |
| | | | 1. System Loss (Grid Meter) [%] (w/o resale) | % | ২৮ | ১১.৫৭% | ৯.১১% | ৯.২৫% | | | | | | | | | | |
| | | | 2. Accounts Receivable (Months) (without GOB rebate & resale) | Month | ১৪ | ০.৯৩ | ১.৩৩ | ১.১৫ | | | | | | | | | | |
| | | | 3. Collection Bill(CI) Ratio (%) (without GOB rebate & resale) | % | ১ | ১০১.৬৭% | ৯৩.১১% | ৯৯.০০% | | | | | | | | | | |
| | | | 4. Collection Import (CI) Ratio (%) (w/o rebate & resale) | % | ১ | ৮৯.৯১% | ৮৪.৭২% | ৮৯.৮৪% | | | | | | | | | | |
| | | | 5. Recovery of amounts written=off | % | ১ | ৫.২১% | ০.৮৫% | ৫.০০% | | | | | | | | | | |
| | | | 6. Payment of debt service liability (TK 000) | TK | ৭ | ৬০,০০০ | - | ৫৫,০০০ | | | | | | | | | | |
| | | | 7. O & M EXP. (EX. PC, Depre. Int. & Pro. Uncoil. AMT.)(TK) /Kwh Sold (w/o resale) | TK | ২ | ৯২৪ | ১.২৯ | ১.৫০ | | | | | | | | | | |
| | | | 8. Rev. /KM of Line w/o resale (TK) 000 | TK | ১ | ৩১৬ | ১.৭৩ | ৩২০ | | | | | | | | | | |
| | | | 9. Ratio of inspection & maintenance of Distri. line against | % | ১ | ২৬.৫৪% | ১৭.৭৪% | ২৫.০০% | | | | | | | | | | |
| | | | 10. Ratio of Damaged & repairable Transformer (no.) against total installed Transformer (no.) | % | ১ | ৬.০৬% | ৩.২৬% | ৪.০০% | | | | | | | | | | |
| | | | 11. Percentage of Damaged Transformer repaired | % | ১ | ১৩৩% | ৯৯% | ১০০% | | | | | | | | | | |
| | | | 12. Ratio of connected consumer (over 90 days) against service in place - (Except Irigation) | % | ২ | ১৮১% | ৯.১৪% | ৬.০০% | | | | | | | | | | |
| | | | 13. Store Management Performance: | | | | | | | | | | | | | | | |
| | | | a. Physical Inventory of all Stores under PBS (2016-17) | % | ১ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | | | | | |
| | | | b. Timely Closeout of Min. & Force Work Order | % | ১ | ১০০% | ১০০% | ৮০% | | | | | | | | | | |
| | | | 14. Maintenance and Up-gradation of equipment record card (ERC) | % | ২ | ১০০% | ১০০% | ১০০% | | | | | | | | | | |
| | | | 15. Improvement of Power Factor | % | ১ | ০.৯৪ | ০.৯৪ | ০.৯২ | | | | | | | | | | |
| | | | 16. Action on Meter Report | % | ১ | ১০০% | ৯৯% | ১০০% | | | | | | | | | | |
| | | | 17. Average Training hour per Employee (hours) | Hour | ২ | ৭৮ | ৪০ | ৭৫ | | | | | | | | | | |

১০

২০১৭-১৮

মাঠ পর্যায়ের কার্যালয়ের আর্থনৈতিক কৌশলগত উদ্দেশ্যসমূহ
(মোট নম্বর-২০)

| ক্রমাংক-১ | ক্রমাংক-২ | ক্রমাংক-৩ | ক্রমাংক-৪ | ক্রমাংক-৫ | ক্রমাংক-৬ | ক্রমাংক-৭ | ক্রমাংক-৮ | ক্রমাংক-৯ | ক্রমাংক-১০ | ক্রমাংক-১১ | ক্রমাংক-১২ | ক্রমাংক-১৩ | ক্রমাংক-১৪ | ক্রমাংক-১৫ | ক্রমাংক-১৬ | ক্রমাংক-১৭ | ক্রমাংক-১৮ | ক্রমাংক-১৯ | ক্রমাংক-২০ | | | |
|---|--|--|--|--------------|--|---------------------|-----------------------|----------------|-----------------|------------------------|--|--------------|--------------|------------|------------|------------|------------|------------|------------|--|--|--|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কার্যসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কার্যসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিচে (Poor) | শাসনাবলীর মান-২০১৭-১৮ Target- 2017-18 | | | | | | | | | | | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৬০% | ৫০% | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কার্যসম্পাদন হুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের বসন্তা বার্ষিক কার্যসম্পাদন হুক্তি | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া হুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৪ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | | | | | | | | | | | | |
| | | | ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কার্যসম্পাদন হুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - | - | | | | | | | | | | | |
| | | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কার্যসম্পাদন হুক্তির অর্থবাহিত মূল্যায়ন প্রতিবেদন দাখিল | তারিখ | ১ | ১৫ জানুয়ারী | ১৬ জানুয়ারী | ১৭ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ১৯ জানুয়ারী | ২০ জানুয়ারী | ২১ জানুয়ারী | | | | | | | | | | |
| | | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কার্যসম্পাদন হুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২১ জুলাই | ২২ জুলাই | ২৩ জুলাই | | | | | | | | | | |
| | | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে কর্মসূচি একটি অনলাইন সেবা চালু করা | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - | - | - | | | | | | | | | | |
| | | | সহঃ/সহকারী কর্মসূচি ১টি সেবা/ক্রমা সনাক্তকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - | - | - | | | | | | | | | | |
| | | | উচ্চশিক্ষা উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | তারিখ | ১ | ০৪ জানুয়ারী | ১১ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ২৬ জানুয়ারী | ২৭ জানুয়ারী | ২৮ জানুয়ারী | ২৯ জানুয়ারী | | | | | | | | | |
| | | | নির্ধারিত উন্নয়ন কর্মসূচির ২য় পর্যায়ের স্ট্রাটেজিক কর্মসূচীর শিখারএল ও স্ট্রাটিক নগরায়ন মূল্যায়ন জারি নিশ্চিতকরণ। | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - | - | - | - | | | | | | | | | |
| | | | নির্ধারিত উন্নয়ন কর্মসূচির ২য় পর্যায়ের স্ট্রাটেজিক কর্মসূচীর শিখারএল ও স্ট্রাটিক নগরায়ন মূল্যায়ন জারি নিশ্চিতকরণ। | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - | - | - | - | | | | | | | | | |
| | | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | | | | | | | | | | | | |
| সেবা প্রত্যাশী এবং কর্মসূচির জন্য টায়ালটসহ অপেক্ষার (Waiting room) এর ব্যবস্থা করা | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - | - | - | - | | | | | | | | | | | | |
| সেবার মান সর্বাধিক সেবাহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফেব্রুয়ারী | - | - | - | - | - | | | | | | | | | | | | |

১২

১২

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | কলাম-৫ | কলাম-৬ | | | | | |
|---|--|---|---|------------|--|---------------------|-----------------------|--------------|----------------|-------------------------|
| | | | | | গুরুত্বপূর্ণ মান-২০১৭-১৮ Target- 2017-18 | | | | | |
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weighted Performance Indicators) | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চমৎ মান (Fair) | চমৎ মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [৩] দক্ষতা ও লৈনিকতার উন্নয়ন | ৪ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণের বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | দিন | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | ২০১৭-১৮ অর্থবছরের শুষ্কতার ব্যবস্থাপন কর্মসম্পাদন এবং পরিবর্তন কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| [৫] তথ্য অধিকার বাস্তবায়ন | ২ | তথ্য বাস্তবায়ন বাস্তবায়নকরণ | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবর্তন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | তথ্য বাস্তবায়ন বাস্তবায়নকৃত | % | ৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | তারিখ | ৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| খ) আর্থিক কৌশলগত উদ্দেশ্যসমূহ এর কর্মসম্পাদন মান= | | | | | ২০ | | | | | |
| গ) মোট বার্ষিক কর্ম সম্পাদন মান (ক+খ)= | | | | | ১০০ | | | | | |

১০-১১-১৭
 মোঃ নিছারুল ইসলাম
 জেলা-স্বাস্থ্যসেবা ম্যানেজার
 কেন্দ্রী পরিদপ

১০/১১/১৭
 মোঃ হুমায়ুন মোতালেব
 সূত্রসমিতি
 সফিউ রোড, কেন্দ্রী পরিদপ

১০/১১/১৭
 মোঃ শহিদুল করিম
 জেলা-স্বাস্থ্যসেবা ম্যানেজার
 নতরাস (কারিগরি পরিদপ)
 ফোন: ৪১ ৩০ (কো: ৩১) পরিদপ

১০/১১/১৭
 মোঃ হুমায়ুন মোতালেব
 সূত্রসমিতি
 সফিউ রোড, কেন্দ্রী পরিদপ

আমি, সভাপতি, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড - এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড সভাপতি, ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষর:

স্বাক্ষরিত:

তারিখঃ ১৫/০৬/২০১৭ খ্রিঃ

১৫/০৬/১৭

জেনারেল ম্যানেজার
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি
মিজানুর রহমান
জেনারেল ম্যানেজার
ফেনী পবিস।

১৫/০৬/২০১৭

সভাপতি আবদুল মোতালেব
সভাপতি
ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি/বিডি বোর্ড, ফেনী পবিস।

১৫/০৬/১৭

পরিচালক, পবিস ব্যবস্থাপনা ও পরিচালন
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(মোঃ শহিদুল করিম)
উপ-পরিচালক (কেঃ অঃ)
পরিচালক (অঃ রত্ন দায়িত্ব)
পবিস ও পঃ (কেঃ অঃ) পরিদপ্তর

১৫/০৬/১৭

সচিব
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
(হাসিনা বেগম)
উপ-সচিব (বোর্ড)
মাচব (অঃ দপ্তর), বাপাবোর্ড